দৈনিক ইত্তেফাক

তারিখ 29 DEC 1991
পৃষ্ঠা 2 কলাম 7

## সরকারী কলেজে পদোন্নতি প্রসঙ্গে—

সম্প্রতি সরকার বিভিন্ন পর্যায়ে সরকারী কলেজের শিক্ষকদের পদোন্নতি ও অন্যান্য সুযোগ-সুবিধা দানের ব্যবস্থা করিয়াছেন। বিগত সরকারের আমলে শতাধিক কলেজকে জাতীয়করণ করা হয়। এসব কলেজের শিক্ষকদের বিসি-এস ক্যাডারের অন্তর্ভুক্ত করিয়া তাঁহাদের পদোন্নতিও নিশ্চিত করিয়াছেন। এদের পাশাপাশি আছেন পি,এস,সি কর্তৃক নিয়োগ-কৃত ও বি, সি, এস পরীক্ষার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত শিক্ষকবৃন্দ। এই তিন ধরনের শিক্ষককে একই মাপে বিচার করিলে অন্যায় হইবে। আত্মীকৃত কলেজসমূহের শিক্ষকদের প্রায় সকলেই বিসিএস-এর মত কোন প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ কিংবা উত্তীর্ণ হন নাই; এমতাবস্থায় বাছ-বিচার না করিয়া এঁদেরকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্ত করা খুবই দুঃখজনক। অন্যদিকে সরকার শিক্ষক সংগঠনসমূহের চাপের মুখে ঢালাওভাবে পদোন্নতি দিতে-ছেন। পদোন্নতির ক্ষেত্রে বিভাগীয় পরীক্ষা, বুনিয়াদি প্রশিক্ষণ, ইত্যাদি বিবেচনা করিতেছেন না। এমনকি বার্ষিক গোপনীয় রিপোর্টও যাচাই করা হইতেছে না বলিয়া প্রকাশ। এই অবস্থায় ধারণা হওয়া খুবই স্বাভাবিক যে, সরকার নিজেও শিক্ষা বিভাগের অবনতি কামনা করেন। সরকারী কলেজের শিক্ষকদের ৮০% এর অধিক আত্মীকৃত, ১৫% এর মত পি,এস,সি কর্তৃক নিয়োগকৃত এবং বাকী ৫% এর মত বি, সি, এস ক্যাডারের লোক। শিক্ষক সংগঠনে বি,সি,-এস, ক্যাডারের কোন লোক নাই। সরকার চাপের মুখে নতি স্বীকার করিলে শিক্ষা বিভাগের ভাবমূর্তির ক্ষতি হইবে। উৎকৃষ্ট মেধার লোকদের এদিকে আকৃষ্ট করার কাজ ভীষণভাবে ব্যাহত হইবে। দায়িত্বশীল গণতান্ত্রিক সরকারের কাছে দেশবাসী রাজনৈতিক আচরণের পরিবর্তে গণকল্যাণমুখী আচরণ আশা করে।

—সেলিম জাহান চৌধুরী
ঠাকুরপাড়া, কুমিল্লা।

58